# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪) COVID-19/২০১৯-২০২০/১২৭২ তারিখঃ ২৫-০৩-২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থমন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-২ শাখা এর ১০ চৈত্র ১৪২৬/২৪ মার্চ ২০২০ তারিখের পত্র নম্বর-৫৩.০০.০০০০.৩২২.৯৯.০৪.২০২০-৫৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে করোনা ভাইরাস মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রাণালয় কর্তৃক সূত্রোক্ত স্মারকে জারীকৃত নিম্নোক্ত পত্রসমূহ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ক। মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর-০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪ তারিখ ২৪.০৩.২০২০
খ। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর-০৫.০০.০০০০.১১০.০৪০.২০-৩৪৩, তারিখ-২৩.০৩.২০২০
গ। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭, তারিখ-২৪.০৩.২০২০
ঘ। জনপ্রশাসন মন্ত্রানালয়ের পত্র নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২, তারিখ-২৪.০৩.২০২০
ঙ। মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর-০৪.০০.০০০০.৫২২.১৬.০১১.২০.৫৪- তাখিখ; ২৩.০৩.২০২০
চ। মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২, তারিখঃ ২২.০৩.২০২০

০৩। সূত্রোক্ত স্মারকসমূহে বর্ণিত প্রযোজ্য নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলের অবগতি,অনুসরণ ও পরিপালনের জন্য পরামর্শ দেয়া হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
২৫/০৩/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ ১০(দশ) পাতা।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪) COVID-19/২০১৯-২০২০/১২৭২(১২০০) তারিখঃ ২৫-০৩-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২৫/০৩/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
স্মারক............তারিখ ঃ
সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ / ২ ৩
উপ-মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি।

নম্বর-৫৩.০০.০০০০.৩২২.৯৯.০৪.২০২০-৫৬

১০ চৈত্র ১৪২৬
তারিখ:--------------------
২৪ মার্চ ২০২০

বিষয়: করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর: ০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪, তারিখ: ২৪.০৩.২০২০
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ০৫.০০.০০০০.১১০.০৪০.২০-৩৪৩, তারিখ: ২৩.০৩.২০২০
(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭, তারিখ: ২৪.০৩.২০২০
(৪) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২, তারিখ: ২৪.০৩.২০২০
(৫) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫২২.১৬.০১১.২০.৫৪, তারিখ: ২৩.০৩.২০২০
(৬) মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২, তারিখ: ২২.০৩.২০২০

করোনা ভাইরাস মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সূত্রোক্ত স্মারকসমূহ (কপি সংযুক্ত) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

২৪/০৩/২০২০
(আজিজুর রহমান)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৬০১৩
e-mail:as.sb2@fid.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/ প্রবাসী কল্যাণ ব্যাংক/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী/ঢাকা।

নম্বর-৫৩.০০.০০০০.৩২২.৯৯.০৪.২০২০-

তারিখ: ২৪.০৩.২০২০

সদয় জ্ঞাতার্থে :
সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪৬৭৬ ২৫/৩/২০২০

(আজিজুর রহমান)
সহকারী সচিব

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১০৬৬ ২৫/৩/২০২০
DGM- BCBD/ERMD-1/ Procurement
ডিএমডি-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

স্মারক নম্বর ০৪.০০.০০০০.০০১.৯৯.০০১.২০.৪৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

# প্রেস বিজ্ঞপ্তি

গত ২৩ মার্চ ২০২০ তারিখে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার প্রদত্ত নির্দেশনা অনুসরণে জানানো যাচ্ছে যে:

১. এই ছুটি/বন্ধ সরকারি-বেসরকারি অফিস আদালতের জন্য প্রযোজ্য। স্বাস্থ্য-সেবা, সংবাদপত্রসহ অন্যান্য জরুরি কার্যাবলীর ক্ষেত্রে এই নির্দেশনা প্রযোজ্য নয়।

২. সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এই ছুটি/বন্ধকালীন সময়ে অবশ্যই নিজ-নিজ কর্মস্থলে অবস্থান করবেন।

৩. এই বন্ধ ঘোষণা করা হয়েছে জনগণকে ব্যাপকহারে পারস্পরিক মেলা-মেশা বা সংস্পর্শে এসে রোগ বিস্তার করা থেকে বিরত রাখার জন্য। সে কারণে সর্বসাধারণকে এই সময়ে বাইরে যাওয়া বা ভ্রমণ করা থেকে বিরত থাকতে আহ্বান জানানো হচ্ছে।

৪. ঔষধ/খাদ্য প্রস্তুত, ক্রয়-বিক্রয়সহ অন্যান্য শিল্প কারখানা/প্রতিষ্ঠান/বাজার/দোকানপাট নিজস্ব ব্যবস্থাপনায় চলবে।

৫. গণপরিবহন ব্যতীত অন্যান্য জরুরি পরিবহন যেমন-ট্রাক, কার্গো, এ্যাম্বুলেন্স ও সংবাদপত্রবাহী গাড়ী ইত্যাদি যথারীতি চলবে।

২৪/৩/২০২০
মন্ত্রিপরিষদ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ২০২০

বিষয়: করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধকল্পে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।

সম্প্রতি বাংলাদেশে করোনাভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং ক্রমান্বয়ে এর বিস্তার ঘটছে। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সচেতনতার কোনো বিকল্প নেই। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) দর্শনার্থী সীমিত করুন; তাদের সাথে সাক্ষাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখুন;
(খ) অফিসের অভ্যন্তরে এক শাখা হতে অন্য শাখায় অপ্রয়োজনীয় যাতায়ত এবং আলাপ হতে বিরত থাকুন;
(গ) অফিসে প্রবেশ করে হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন এবং অফিসে অবস্থানকালীন একাধিকবার হাত ধুয়ে ফেলুন;
(ঘ) বাহির হতে সরবরাহকৃত প্যাকেটের নাস্তা/খাবার পরিহার করুন;
(ঙ) অফিসে নিজের ব্যবহৃত জিনিষপত্র (প্লেট, থালা, চায়ের কাপ ইত্যাদি) নিজে পরিস্কার-পরিচ্ছন্ন রাখুন;
(চ) অফিসের/টয়লেটের দরজার হ্যান্ডেল/হাতল/লক/বৈদ্যুতিক সুইচ, আলমিরার হ্যান্ডেল/হাতল/লক ইত্যাদি জীবানু নাশক দিয়ে পরিস্কার রাখুন;
(ছ) যথাসম্ভব ই-নথি ব্যবহার করুন;
(জ) অফিসের হার্ড ফাইল/কাগজপত্রাদি স্পর্শ করার পর হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন;
(ঝ) মুখে/নাকে/কানে অযথা হাত দেওয়া থেকে বিরত থাকুন;
(ঞ) যথাসম্ভব লিফট ব্যবহার না করে সিড়ি ব্যবহার করুন;
(ট) নিয়ন্ত্রণকারী কর্মকর্তাবৃন্দ তার অধীন কর্মকর্তা/কর্মচারীদের করোনা সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে দৃষ্টি রাখবেন;
(ঠ) যানবাহনের স্টিয়ারিং/হাতল/ফ্লোর জীবানুনাশক দিয়ে পরিস্কার রাখুন;
(ড) লক-ডাউন এলাকায় বসবাসকারী/হোম কোয়ারেন্টিনে কেউ থাকলে; সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অবহিত করে অফিসে আসা থেকে বিরত থাকুন;
(ঢ) করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় সরকারের এবং বিশেষজ্ঞগণের পরামর্শ বাসায় ও অফিসে প্রতিপালন করুন।

23.03.2020
(মো: এনামুল হক)
উপসচিব(প্রশাসন-১)
ফান: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ-সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেক্টর, বাংলোদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

F:\Office folder\CIRCULAR\For Dengue.docx

অপরপৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় (তাঁর অধীন শাখা/অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট এবং ভাইবার গ্রুপে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অফিস কপি/মাস্টার ফাইল।

F:\Office folder\CIRCULAR\For Dengue.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

বিষয়: করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগ না করা।

মন্ত্রিপরিষদ বিভাগের ২২.০৩.২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ সংখ্যক স্মারকের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ২৬.০৩.২০২০ হতে ০৪.০৪.২০২০ তারিখ পর্যন্ত ছুটির সময়ে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪.০৩.২০২০
(মোঃ এনামুল হক)
উপসচিব(প্রশাসন-১)
ফান: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ-সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় (তাঁর অধীন শাখা/অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
১১. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট এবং ভাইবার গ্রুপে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি/মাস্টার ফাইল।

F:\Office folder\CIRCULAR\For Dengue.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর - ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ২৬ মার্চ ২০২০ খ্রি: তারিখের সরকারি ছুটি এবং ২৭-২৮ মার্চ ২০২০ খ্রি: তারিখের সাপ্তাহিক ছুটির সাথে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল ২০২০ খ্রি: তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। ০৩ ও ০৪ এপ্রিল ২০২০ খ্রি: তারিখ সাপ্তাহিক ছুটির দিন এ ছুটির সাথে সংযুক্ত থাকবে। কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল এবং জরুরি পরিসেবার (বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট ইত্যাদি) ক্ষেত্রে এ ব্যবস্থা প্রযোজ্য হবে না। জরুরি প্রয়োজনে অফিসসমূহ খোলা রাখা যাবে। প্রয়োজনে ঔষধশিল্প ও রপ্তানিমুখী শিল্প কলকারখানা চালু রাখতে পারবে।

০২। জনগণের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪/০৩/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব (বিধি-৪ শাখা)
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর - ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২(১০০০)

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব,----------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

২—নথি—৪

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর: ০৪.০০.০০০০.৫২২.১৬.০১১.২০.৫৪

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬ / ২৩ মার্চ ২০২০

**বিষয়: করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত।**

**সূত্র: মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের ২৩.০৩.২০২০ তারিখের প্রেস ব্রিফিং।**

করোনা ভাইরাস মোকাবেলায় মন্ত্রিপরিষদ সচিব মহোদয় এর ২৩.০৩.২০২০ তারিখের প্রেস ব্রিফিং এইসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, প্রেস ব্রিফিং এ উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রেস ব্রিফিং এর কপি ২ (দুই) পৃষ্ঠা।

২৩/০৩/২০২০


(তৌহিদ ইলাহী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৩৬২
email: cjme_sec@cabinet.gov.bd


বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান/ জননিরাপত্তা/ স্থানীয় সরকার বিভাগ;
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ;
৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ স্বাস্থ্য সেবা বিভাগ/ প্রতিরক্ষা মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ নৌ-পরিবহন মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়;
৫। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক;
৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। জেলা প্রশাসক (সকল);
৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

অনুলিপি (জ্ঞাতার্থে):

মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

| সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | |
|---|---|
| ডায়েরী নম্বর: ৩৬৭৭ | তারিখ: ২৪/৩/২০২০ |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | দ্রুত ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব | জারি |
| একান্ত সচিব | আলোচনা করুন |
| | উপস্থাপন করুন |
| স্বাক্ষর: | নথিজাত করুন |

# প্রেস বিজ্ঞপ্তি

দেশে করোনা ভাইরাসের বিস্তৃতি এবং তা মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী অদ্য দুপুরে 'দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব এবং অনান্য উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা করেন এবং পূর্বে তিনি সেনাবাহিনী প্রধানের সাথেও বিষয়টি নিয়ে আলোচনা করেন। এছাড়াও তিনি প্রতিনিয়ত সংশ্লিষ্ট সবার সাথে করোনা ভাইরাস সংক্রান্ত বিষয়ে সভা ও আলোচনা করছেন। সার্বিক অবস্থা বিবেচনা করে তিনি নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। তাহলো:

১. আগামী ২৬ মার্চের সরকারি ছুটি এবং ২৭-২৮ মার্চের সাপ্তাহিক ছুটির সাথে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করছে এবং ০৩ ও ০৪ এপ্রিল ২০২০ সাপ্তাহিক ছুটির দিন এই বন্ধের সাথে সংযুক্ত থাকবে। কাঁচাবাজার, খাবার এবং ঔষধের দোকান, হাসপাতাল এবং জরুরী সেবার জন্য এই ব্যবস্থা প্রযোজ্য হবে না।

   করোনা ভাইরাসের বিস্তৃতি রোধকল্পে সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। সে সঙ্গে জনসাধারণকে এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, তারা যেন এ সময় জরুরি প্রয়োজন ব্যতীত (খাদ্য দ্রব্য, ঔষধ ক্রয়, চিকিৎসা, মৃতদেহের সৎকার ইত্যাদি) কোন ভাবেই বাড়ীর বাইরে না আসেন।

২. এই সময়ে বিভিন্ন অফিস আদালতের প্রয়োজনীয় কার্যাবলী অন-লাইনে সম্পাদন করতে হবে। সরকারি অফিসসমূহের মধ্যে যারা প্রয়োজন মনে করবে তারা অফিস খোলা রাখবে।

৩. গণপরিবহন চলাচল সীমিত থাকবে। জনসাধারণকে যথাসম্ভব গণপরিবহন পরিহারে পরামর্শ দেয়া যাচ্ছে। যারা জরুরি প্রয়োজনে গণপরিবহণ ব্যবহার করবেন তাদেরকে অবশ্যই করোনা ভাইরাস সংক্রমিত হওয়া থেকে মুক্ত থাকার জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। গাড়ীচালক এবং সহকারীগণকে অবশ্যই মাস্ক ও গ্লাভস পড়াসহ পর্যাপ্ত সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. জনগণের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

৫. আগামীকাল ২৪ মার্চ ২০২০ থেকে বিভাগীয় ও জেলা শহরগুলোতে সামাজিক দূরত্ব ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে সেনাবাহিনী প্রশাসনকে সহায়তায় নিয়োজিত হবে। জেলা ম্যাজিস্ট্রেটদের সমন্বয়ে তারা জেলা ও বিভাগীয় করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের চিকিৎসা ব্যবস্থা, সন্দেহজনক ব্যক্তিদের কোয়ারেন্টাইন ব্যবস্থা পর্যালোচনা করবে।

সেনাবাহিনী বিশেষ করে বিদেশ ফেরত ব্যক্তিদের কেউ নির্ধারিত কোয়ারেন্টাইনের বাধ্যতামূলক সময় পালনে ত্রুটি/অবহেলার করছে কিনা তা পর্যালোচনা করবে।

জেলা ম্যাজিস্ট্রেটগণ এজন্য স্থানীয় আর্মি কমান্ডারের কাছে সেনাবাহিনী কর্তৃক অবস্থা পর্যালোচনার জন্য আইনানুসারে অনুরোধ জানাবে।

৬. করোনা ভাইরাসের কারণে নিম্ন-আয়ের কোন ব্যক্তি শহরে জীবন-যাপনে অক্ষম হলে সরকার তাকে "ঘরে ফেরা কর্মসূচীর অধীনে নিজ গ্রাম/ঘরে প্রয়োজনীয় সহায়তা প্রদানের ঘোষণা করছে। জেলা প্রশাসকগণ এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৭. সরকার ভাষাণচরে এলক্ষে মানুষের জন্য পর্যাপ্ত আবাসন ও জীবিকা নির্বাহের ব্যবস্থা করেছে। সে সঙ্গে আগ্রহী ব্যক্তিবর্গকে সরকার এই সুযোগ গ্রহণে আহ্বান জানাচ্ছে। ভাষাণচরের সুযোগ-সুবিধা গ্রহণকরে নিজেদের স্বনির্ভর করে তোলার জন্য পর্যাপ্ত সংখ্যক ব্যক্তিবর্গকে সেখানে প্রেরণের জন্য সব জেলা প্রশাসকদেরও নির্দেশনা দেয়া হলো।

৮. করোনা ভাইরাস জনিত কার্যক্রম বাস্তবায়নের কারণে দরিদ্র জনগোষ্ঠির আয়-অন্নসংস্থানে অসুবিধা নিরসনে জেলা প্রশাসকদের খাদ্য ও আর্থিক সাহায্য দেয়ার নির্দেশনা দেয়া হয়েছে।

৯. মাননীয় প্রধানমন্ত্রী ইতোমধ্যে ৫০০ ডাক্তারের তালিকা করার জন্য বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ)-কে নির্দেশ দিয়েছেন যেন তারা করোনা ভাইরাস নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করতে পারেন।

১০. সবরকম সামাজিক/রাজনৈতিক/ধর্মীয় জনসমাগমে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। অসুস্থ/জ্বর/সর্দি-কাশিতে আক্রান্ত ব্যক্তিদের মসজিদে না যেতে বারংবার নির্দেশনা দেয়া হচ্ছে। তা ভঙ্গ করে একজন মিরপুরে মসজিদে যাওয়ায় অন্য ব্যক্তিও আক্রান্ত হয়েছে। এ বিষয়ে ধর্মপ্রাণ ব্যক্তিদের ইসলামি ফাউন্ডেশন এবং ধর্মীয় নেতৃবৃন্দের অনুশাসন কঠোরভাবে মেনে চলতে বিশেষ অনুরোধ জানানো হচ্ছে।

একই নম্বর ও তারিখের স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২

তারিখ: ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিষয়: কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণ।

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

22.03.2020

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

বিতরণ:

০১। প্রধানন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সিনিয়র সচিব/সচিব..............................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
০৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার (সকল)।
০৫। জেলা প্রশাসক (সকল)।
০৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৮। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

C:\Users\user\Desktop\1-Running Note & Letter(Desktop)\2-Government Order-01.01.2020.doc

